www.kishoremajumder.com

প্রেমের সংলাপ – ৩

(রোমান্টিক বাংলা ডুয়েট সংলাপ)

- কিশোর মজুমদার

" মানুষ এত বোকা কেন "

রুদ্র -- বলো তো মানুষ এত বোকা কেন ?

চয়নিকা--তোমার মাথায় আবার কি ভূত চাপলো।

রুদ্র -- না এমনি ভাবছি । মানুষ শুধু ছুটছে---ছুটছে- ছুটছে তো ছুটছেই।

চয়নিকা-- তো !

রুদ্র -- আরে জীবন কোথায় ? বেঁচে থাকার আনন্দ কোথায় ?

চয়নিকা-- কোথায় ?

রুদ্র --কোথায় আবার ? এইখানে । আর এখন ই । কেউ যদি ভাবে যে জীবনে বাঁচব পরে , যখন আমার অনেক টাকা হবে , যখন আমার সামনের কাজটা সম্পূর্ন হবে , তারপরেই জীবন ঝিঙ্গালালা...

চয়নিকা-- হি হি হি হি হি..... তুমি বকতেও পারো বাবা। তো কি হয়েছে তাতে ? নিজের জীবন নিয়ে বাঁচি না এত মানুষের কথা ভেবে করবো কি !! বলো --

রুদ্র -- অবুঝ হয়ো না । তোমার চারপাশের মানুষের দ্বারাই তুমি প্রভাবিত হও বুঝলে । ওদের ভাবনা ,ওদের আচরণ সংস্কার সব ই তোমাতে সঞ্চারিত হয়ে যায় ।..... (বলতে থাকে)

চয়নিকা--ইশ ! (স্বাগতোক্তি) শুরু হয়ে গেল আর থামবে না আজ পুরো sociology পুরো msw কোর্স কমপ্লিট হবে আমার।

রুদ্র -- কিছু বললে ? ঠিক আছে আর বলবো না ।

চয়নিকা-- নান-- না না না না প্লিজ রাগ করো না । মজা করলাম প্লিজ। ও ...হা কি বলছিলে যেন ! মানুষ । ওই তো বললে যে চারপাশের মানুষের দ্বারাই প্রভাবিত হই আমি ।

রুদ্র -- আরে তুমি প্রভাবিত হও তো বলি নি । বললাম যে মানুষ ।

চয়নিকা-- ওই হলো আর কি আমিও তো মানুষ । আমিই হলাম বলো।

রুদ্র --তো দেখো আসার পথে দেখলাম ছোট্ট একটা ফুটফুটে বাচ্চা , তাকে ওর মা কি মারটাই না মারলো। ওর দোষ কি , ও নাকি পড়তে বসে না খালি খেলতে চায়।

চয়নিকা--হুম। তো তুমি কী কিরলে ? ও ও তুমি তো কবি , rapid action নেবে না।

রুদ্র -- ওহ মজা নয় চয়না please।

চয়নিকা-- ঠিক ই বলেছি, বললাম যে তুমি লিখবে ও নিয়ে যাতে অনেক মানুষের ভাবনায় change আসে।

রুদ্র -- হুম। তো বলছিলাম যেটা , এত সুন্দর শিশুটা সুন্দর খেলতে চায় , তাকে জোর করে বড় হবার স্বপ্ন চাপিয়ে ওর আপন মনে খেলাটা উপভোগ করতে না দিয়ে , এই শৈশব টাকে ভুলিয়ে দিয়ে কোথায় খুঁজছে মানুষ জীবন ?

চয়নিকা-- এত ভাবিনি গো। ঠিক ই বলেছ তো।

রুদ্র -- ভাব তো একবার। কিচ্ছু না যদি শিশুটিকে আপন মনে খেলতে দিয়ে শুধু দেখা যায়। just follow him . দেখবে অনেক কিছু শেখার আছে ওর কাছে। কিন্তু তার বদলে ....

চয়নিকা-- তার বদলে .....

রুদ্র -- তার বদলে , বর্তমান নেই , জীবনে কোন আনন্দ নেই , শুধু আছে ভবিষ্যৎ। এক অনাগত সুখের জন্য কষ্ট করা আর কষ্ট দেয়া।

চয়নিকা-- কষ্ট দেয়া ?

রুদ্র -- আরে শিশুটা কষ্ট পাচ্ছে না বলো। ওর খেলার সুখের স্বর্গ ছিনিয়ে কোন পন্ডিত করতে চাইছি বলো। "ছোট ছোট শিশুদের শৈশব চুরি করে গ্রন্থ কীটের দল বানায় নির্বোধ "

চয়নিকা-- নচিকেতা। ভালোই বলেছ বস।

রুদ্র -- আর যে স্বপ্ন দেখে কষ্ট তো তার আছেই। আর যাকে নিয়ে দেখে বা যার উপর চাপায় স্বপ্ন তার বারোটা বজায় আর কি।

চয়নিকা-- সত্যি তুমি না পারো বটে। এই রোমান্টিক এই রিয়ালিস্টিক। কিন্তু আমাদের কি হবে ?

রুদ্র -- কি হবে আর। এই মাটির ঘরের জ্যোৎস্না ওঠা দাওয়ায় বসিয়া এমনই রকম ছেলেমানুষি গল্প করিবে আর আমি বসিয়া বসিয়া শুনিব। আর শুনিব হাতির বৃংহন.....

চয়নিকা-- আরণ্যক .....আরণ্যক ... বিভূতিভূষণ ...Right ?

রুদ্র -- একদম রাইট। একটু তুমি মাখিয়ে চালিয়ে দিচ্ছিলাম আর কি।

চয়নিকা-- হুমমম। চলো এবার ওঠা যাক।

রুদ্র -- একি এক্ষুনি চলো ? আরে তোমার ফ্লিপকার্ট থেকে কেনা লিপস্টিক টা একটু কেমন সুন্দর করেছে তোমায় আগে দেখতে দাও।

চয়নিকা-- ওঁওঁওঁওঁওঁ তুমি আমার দেখবে। কখন থেকে ঠোঁট বাড়িয়ে মি..... করে আছি তাও চোখে পড়ে না। আর দেখতে হবে না ছাড়ো।

রুদ্র -- বাহ একটু না রাগলে যে তোমায় মানায় না।

চয়নিকা-- ধুউউউৎ। তুমি দেখবে আমাকে !! কি জানি বাপু। এখন কি যে তোমার নজরে পড়েছে। আর কিই বা দেখো কে জানে।

রুদ্র --ইস.... চয়নিকা প্লিজ। সত্যি বলছি কোথাও তাকাই না আমি। কাউকে দেখি না আমি। আমার চোখে শুধু চয়নিকা , চয়না , সুউউচয়না।

চয়নিকা--তাই। সত্যি। বলছ ? একদম মিথ্যে কথা। মিথ্যে মিথ্যে.....

রুদ্র -- সত্যি বলছি তোমায় ছাড়া কাউকে দেখি না গো। বিশ্বাস না হয় ওই দেখো ওই মহিলাকে , আমি একটুও দেখি নি।

চয়নিকা-- কি ...

রুদ্র -- হুম। ওই যে কমলা রঙের শাড়ি পরা মেয়েটা , ওকেও দেখি নি।

চয়নিকা-- কোন মেয়ে....

রুদ্র -- ওই যে কমলা শাড়ি , ম্যাচিং ব্লাউস , লাল টিপ , পায়ে সাদা পদশ্রী কোম্পানির জুতো। হাতে স্টাইলি ভ্যানিটি , আর

চয়নিকা-- (রেগে গিয়ে) কি ই ই ই ই .....

রুদ্র -- আর চোখের কোনে সলজ্জ হাসি, বিদ্যাপতির রাধা এ যুগে জন্মেছে.....

চয়নিকা-- কি ।? হম ? দাঁড়াও। আমি চললাম। (রাগ করে চলে যায়)

রুদ্র -- এই এই প্লিজ প্লিজ। মজা করছিলাম প্লিজ ... চয়নিকা .... চয়না..... সূচয়না.....দাঁড়াও প্লিজ . (ডাকতে থাকে দূর থেকে)

🌟 যুক্ত থাকুন নিচে দেওয়া লিঙ্কগুলির মাধ্যমে 🌟

Facebook YouTube WebSite